তারিখ ··· 24 MAY 2016 ···
পৃষ্ঠা ··· 2 ··· কলাম ··· 8 ······

সমকাল

# প্রাথমিক শিক্ষকদের ৬ দফা দাবি

■ সমকাল প্রতিবেদক

ঢাকাসহ শহরাঞ্চলে শিক্ষকদের বদলিনীতি সংশোধন ও বদলি বন্ধ করা, জরুরিভিত্তিতে সিনিয়র সহকারী শিক্ষকদের চলতি দায়িত্ব দিয়ে সমস্যা নিরসন ও পদোন্নতির ব্যবস্থা, প্রধান শিক্ষক ও উপজেলা শিক্ষা কর্মকর্তা পদে শতভাগ পদোন্নতির ব্যবস্থাসহ ৬ দফা দাবিতে মানববন্ধন করেছে প্রাথমিক শিক্ষক অধিকার সুরক্ষা ফোরাম।

গত রোববার জাতীয় প্রেস ক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এরপর প্রধানমন্ত্রী বরাবর একটি স্মারকলিপি দেন সংগঠনটির নেতারা। আহ্বায়ক সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন সদস্যসচিব গোলাম মোস্তফা, কানিজ ফাতেমা, নুরুন নাহার খানম, জাহাঙ্গীর আলী কমল, আনিসুর রহমান প্রমুখ।

দাবি ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৬

## প্রাথমিক শিক্ষকদের

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

আদায় না হলে আগামী তিন মাস স্কুলগুলোতে স্বাক্ষর সংগ্রহ কর্মসূচি পালন করে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়া হবে। এর পরও দাবি পূরণ না হলে 'শিক্ষকদের অধিকার হরণ ও প্রতিশ্রুতি ভঙ্গ দিবস' পালন করবে সংগঠনটি।

এদিকে প্রধান শিক্ষকদের নিচের ধাপে সহকারী শিক্ষকদের বেতন স্কেল নির্ধারণসহ ৬ দফা দাবিতে গতকাল জাতীয় প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করেছে প্রাথমিক সহকারী শিক্ষকসমাজ। এ সময় লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক হালিমুজ্জামান। উপস্থিত ছিলেন সভাপতি শাহিনুর আল-আমীন, সহসভাপতি একেএম খসরুজ্জামান, নুরুল ইসলাম, মাহবুব হাসান রাজু প্রমুখ।